**......................................... প্রায়োগিক গবেষণা শীর্ষক প্রকল্প**
**সেচ ও পানি ব্যবস্থাপনা কেন্দ্র (সিআইডব্লিউএম), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।**

# আরডিএ ক্রেডিট চুক্তিপত্র (MOU-2)

অদ্য ..................... ইং তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (RDA) এবং ........................................................... এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (Memorandum of Understanding) মোতাবেক ................................................. কর্তৃক ......................................... প্রায়োগিক গবেষণা প্রকল্প, সেচ ও পানি ব্যবস্থাপনা কেন্দ্র এর শর্ত মোতাবেক মূলধন ব্যয়ের ১০% অগ্রীম জমা (Down payment) হিসাবে টাকা ............. লক্ষ (......................................) প্রদান করা হয়েছে। ইতোমধ্যে চুক্তিপত্র (MOU-1) অনুযায়ী আরডিএ কর্তৃক ................................................... মৌজা .............., জেএল নং-......., দাগ নং- ........., খং নং-........., ........... ............. এলাকায় নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উক্ত চুক্তিপত্র মোতাবেক প্রকল্পের প্রায়োগিক গবেষণার অংশ হিসেবে ............... .................... ....................... ................ এলাকায় সুবিধাভোগীদের মাঝে আয়বর্ধনমূলক কর্মকান্ডের জন্য বরাদ্দকৃত টাকা ............. লক্ষ (....................................) আরডিএ ক্রেডিট কার্যক্রমের আওতায় ঘূর্ণায়মান ঋণ তহবিল (Seed Capital) সুবিধা প্রদান করবে। উক্ত সীড ক্যাপিটাল উপ প্রকল্প এলাকার উপকারভোগী/গ্রামে বসবাসকারীগণের মাঝে ঋণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত এতদ্‌সঙ্গে সংযুক্ত এনেক্স-এ তে বর্ণিত নীতিমালা মোতাবেক পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এবং ................. ............ ................... .............এর মধ্যে একটি আরডিএ ক্রেডিট চুক্তিপত্র হওয়া প্রয়োজন। যাহা সংশ্লিষ্ট এলাকার জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন যাত্রার মানোন্নয়নে ব্যবহৃত হবে।

সুতরাং, মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর পক্ষে পরিচালক, সিআইডব্লিউএম, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (অতঃপর একাডেমী) ১ম পক্ষ এবং ...................... .................................. অতঃপর ........................................ ২য় পক্ষের মধ্যে পরিচালক, সিআইডব্লিউএম, পল্লী উন্নয়ন একাডেমী (RDA), বগুড়া এর কার্যালয়ে এই ঋণ চুক্তিপত্র সম্পাদিত হলো।

**পল্লী উন্নয়ন একডেমী (RDA), বগুড়ার পক্ষে-**

**................................................এর পক্ষে-**

(.......................................)
সভাপতি
.................................................

**স্বাক্ষীগণঃ**

১।

২।

৩।

**স্বাক্ষীগণঃ**

১। (...................................)
সদস্য
........................................................

২। (...............................)
সদস্য
..............................................

৩। (...............................)
সদস্য
..................................................

**এনেক্স-এ**

**কার্যাবলীর বিবরণ এবং টার্মস অফ রেফারেন্স**

# পটভূমি

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন ........................... উপ-প্রকল্পে প্রদেয় ঘূর্ণায়মান তহবিল (Revolving fund) ............ .............................. কর্তৃক কেবলমাত্র অত্র উপ প্রকল্পের উপকারভোগী/অত্র গ্রামে বসবাসকারী সদস্যদের মধ্যে IGA ভিত্তিক উৎপাদন পরিকল্পনার মাধ্যমে গৃহীত বিনিয়োগ ঋণ হিসেবে ব্যবহার করা যাবে। RDA ঋণ সরকার প্রদত্ত কোনরূপ সুদ, দন্ডসুদ মওকুফ বা রেয়াত সুবিধার আওতাভূক্ত হবে না এবং যা ১০০% আরডিএ-তে ফেরত যোগ্য।

**১.০ আরডিএ ঋণের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের সীড ক্যাপিটাল পরিচালনার জন্য আরডিএ ঋণ কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ ঃ

১.১ সুফলভোগীদের আর্থ-সামাজিক ও জীবন যাত্রার মানোন্নয়ন;

১.২ প্রাতিষ্ঠানিক সংগঠন (সমিতি/দল/এনজিও) শক্তিশালীকরণ ও ঋণ প্রদানের মাধ্যমে প্রকল্প এলাকার জনগোষ্ঠিকে (পুরুষ/মহিলা) আত্মকর্মসংস্থান সৃষ্টি;

১.৩ সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উৎসাহ প্রদান;

১.৪ মানব সম্পদ উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ এবং

১.৫ মহিলাদের সচেতনতা ও ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি।

**২.০ ...................................... এর দায়িত্বাবলী ঃ**

২.১ এই চুক্তিপত্র অনুযায়ী ................................................................ প্রাথমিক ভাবে উপ প্রকল্প এলাকার সুফলভোগীদের IGA ভিত্তিক কর্মকান্ড চিহ্নিত করণ এবং একাডেমী কর্তৃক প্রদত্ত কর্মকর্তা/কর্মচারীর সহায়তায় দল/উপদল গঠন করবে।

২.২ এই চুক্তিপত্র অনুযায়ী সদস্যদের নিকট থেকে ......................................................... রশিদ মূলে সর্বোচ্চ ৫০/- (পঞ্চাশ) টাকা ভর্তি ফি বাবদ আদায় করতে পারবেন। আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তহবিলে জমা হবে এবং প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী ব্যবহার করা যাবে।

২.৩ যদি কোন সদস্য ঋণ খেলাপী করে তার দায়-দায়িত্ব ..................................................................... এর উপর বর্তাবে।

**৩.০ একাডেমীর দায়িত্বাবলী ঃ**

৩.১ এই চুক্তিপত্র অনুযায়ী একাডেমী ঘূর্নায়মান ঋণ তহবিলের জন্য পরিচালক, সিআইডব্লিউএম কর্তৃক পরিচালিত সঞ্চয়ী/এসটিডি ব্যাংক একাউন্টের মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালিত হবে।

৩.২ আরডিএ কর্তৃক পরিচালিত ঋণ কার্যক্রমের হিসাব অভ্যন্তরীণ নিরীক্ষকদের দ্বারা প্রতি দুইমাসে একবার নিরীক্ষা করা হবে। এছাড়া পরিচালক কর্তৃক নিযুক্ত বাইরের নিরীক্ষকদের দ্বারা বাৎসরিক নিরীক্ষার ব্যবস্থা করা যাবে।

৩.৩ পরিচালক, সিআইডব্লিউএম এর তদারকীতে .......................................................... বিভিন্ন আয়বর্ধক কার্যক্রম চিহ্নিতকরণ, পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন ব্যাপারে উপ-প্রকল্পের উপকারভোগী এবং তাদের উপ-দলসমূহকে সহায়তা করবে। পরিচালক কর্তৃক প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ এবং কারিগরী দক্ষতা প্রদান করবে।

৩.৪ একাডেমীর নিকট ................................................................... এর ঋণ কার্যক্রম সন্তোষজনক বলে বিবেচিত না হলে একাডেমীর প্রদত্ত ক্ষমতা বলে এককভাবে প্রদত্ত সীড ক্যাপিটাল এর সমুদয় অর্থ প্রত্যাহার করে নিতে পারবে।

৩.৫ সদস্যদের ঋণ ও সঞ্চয়ী পাশবহি, ঋণ আবেদনপত্রের ফর্ম এবং উপ-দলের রেজুলেশন বহি বাবদ আরডিএ কর্তৃক ১৫/- (পনের) টাকা রশিদমূলে আদায় পূর্বক সরবরাহ করা হবে। উক্ত অর্থ সার্ভিস চার্জ জমার জন্য ব্যাংক একাউন্টে বিবিধ খাতে জমা করা হবে যা বিক্রয়যোগ্য খাতা পত্র/ কাগজ পত্র ক্রয় ও ছাপার কাজে ব্যয় করা যাবে।

৩.৬ আরডিএ ক্রেডিট কার্যক্রম পরিচালনার জন্য একাডেমী কর্তৃক মাঠ সংগঠক নিয়োগ করা হবে।

**৪.০ ঋণ তহবিল পরিচালনা ও ঋণের শর্তাবলী ঃ**

৪.১ ঋণ হিসেবে একাডেমী প্রদত্ত অর্থ উপ-প্রকল্প এলাকার সদস্যদের দ্বারা বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডে ব্যবহৃত হবে এবং প্রাথমিক অবস্থায় সুবিধা ভোগ করবে উপ-প্রকল্প এর কেবলমাত্র সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রায়োগিক গবেষনা প্রকল্পের সুবিধাভোগী/ব্যবহারকারী/গ্রামে বসবাসকারী সদস্যগণ। তবে তাদের ঋণ চাহিদা পুরনের পর অতিরিক্ত অর্থ অন্য এলাকায় (একাডেমীর প্রায়োগিক গবেষণা এলাকায়) পরিচালক, সিআইডব্লিউএম এর অনুমতিক্রমে ঋণ হিসেবে বিনিয়োগ করা যাবে এবং অবশ্যই তা কারিগরী ও অর্থনৈতিকভাবে যুক্তিসংগত ও পরিবেশ সহনশীল এবং সামাজিকভাবে বৈধ হতে হবে।

৪.২ এই ঋণ চলতি পুঁজি হিসেবে ব্যবহৃত হবে এবং স্বল্প ও মধ্য মেয়াদী IGA যেমন, সেচ, কৃষি যন্ত্রপাতি, গৃহস্থালী, হর্টিকালচার, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, মৎস্য চাষ, বনায়ন, কুটির শিল্প, ক্ষুদ্র কৃষিজাত শিল্প, সেনেটারী ল্যাট্রিন তৈরী কেন্দ্র/উপকারভোগীদের পছন্দমত IGA ইত্যাদি কাজে ব্যবহৃত হবে।

৪.৩ ঋণের জন্য আবেদনের পূর্বে সদস্যগণ উৎপাদন পরিকল্পনা গ্রহণ করবে যেখানে গৃহীতব্য কার্যক্রমের বিস্তারিত বিবরণ থাকবে। এই পরিকল্পনায় বিশেষ করে উল্লেখ থাকবে প্রতিটি কার্যক্রমের জন্য সর্বমোট বিনিয়োগের পরিমাণ, ব্যয় ভাগাভাগির ব্যবস্থা এবং সময়সীমা।

৪.৪ বিনিয়োগের সময়সীমা সাধারণ ভাবে ১ (এক) বছর, তবে কার্যক্রম ব্যবহারের আলোকে যথাযথ এবং সন্তোষজনক সমাপ্তির লক্ষ্যে সময়সীমা বাড়ানো যেতে পারে সেক্ষেত্রে পরিচালকের অনুমতি নিতে হবে।

৪.৫ কর্তৃপক্ষের সহায়তায় ঋণের জন্য আবেদনের পূর্বে একটি সহজ সম্ভাব্যতা যাচাই স্টাডি প্রস্তুত করবে। যেখানে বিনিয়োগ পূর্ব এবং পরবর্তী উভয় অবস্থার প্রতিফলন থাকবে।

৪.৬ ঋণ তহবিল পরিচালনার ক্ষেত্রে সর্বাবস্থাতেই সাপ্তাহিক সভায় প্রস্তাবিত সমুদয় অর্থের পরিমাণ ও খাত উল্লেখ পূর্বক মাঠ সংগঠক এবং সহকারী কর্মসূচী সংগঠক কর্তৃক সুপারিশ সম্বলিত কার্যবিবরণীতে পরিচালকের অনুমোদন নিতে হবে। উক্ত কার্যবিবরণী পরিচালক, সিআইডব্লিউএম কর্তৃক সত্যায়িত ও অনুমোদিত হলে আবেদনকৃত সদস্যদের মাঝে ঋণ বিতরণ করা যাবে।

৪.৭ ঋণের প্রকার এবং প্রস্তাবিত আয়বর্ধনমূলক কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় ঋণের পরিমাণ এবং এর ভবিষ্যৎ আয়ের উপর নির্ভর করে প্রকৃত ঋণ বিতরণের পরিমাণ এবং ঋণ আদায় তালিকার সীমা নির্ধারণ করা হবে।

৪.৮ আয়বর্ধনমূলক কার্যাবলীর ধরণ অনুযায়ী নির্দিষ্ট পরিমাণে ঋণ বিতরণ করা হবে। তবে প্রস্তাবিত কার্যক্রমে ঋণ আবেদনকারীর আর্থিক অংশ গ্রহণ নিশ্চিতকরণে উৎসাহ প্রদান করতে হবে।

৪.৯ কোন অবস্থাতেই এই চুক্তির অধীনে প্রদত্ত মূল অর্থ উপ-প্রকল্পের প্রশাসনিক ব্যয়ে নির্বাহ করা যাবে না।

**৫.০ ঋণ তহবিল এবং আদায়কৃত ঋণ হতে আয় ঃ**

৫.১ সার্ভিস চার্জ হিসাবে যে অর্থ কর্তৃপক্ষ স্থির করবে তা **১১%** অপেক্ষা বেশী হবে না এবং তা সাপ্তাহিক ভিত্তিতে আদায় করা হবে। তবে সার্ভিস চার্জের হার বিভিন্ন সময় সরকারী আদেশ/নির্দেশের মাধ্যমে পরিবর্তন করা যাবে।

৫.২ অর্থায়িত কার্যক্রম হতে প্রাপ্ত সার্ভিস চার্জ ৯% ঋণ তহবিলের প্রবৃদ্ধি, কু-ঋণ, প্রযুক্তি হস্তান্তর, প্রকল্পের জনবল, যাতায়াত ও অন্যান্য খরচের জন্য একাডেমী এবং ২% সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ............................................................ কমিশন হিসেবে প্রাপ্ত হবে। তবে শর্ত থাকে যে, ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত পূর্বক ...................................................... কে তাঁর কমিশন প্রদান করা হবে।

৫.৩ উপ-প্রকল্পে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য আরডিএ ঋণ কার্যক্রম নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট উপ-প্রকল্প এলাকার একই ব্যাংকে (সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংকে) নিম্নরূপ ২ (দুই) টি ব্যাংক একাউন্ট (সঞ্চয়ী/এসটিডি) রক্ষণাবেক্ষণ করবে ঃ

**১) আরডিএ ক্রেডিট কার্যক্রম একাউন্ট ঃ** পরিচালক, সিআইডব্লিউএম এর স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হবে এবং উক্ত একাউন্ট হতে ঋণ কার্যক্রম পরিচালনা করা হবে। উক্ত একাউন্টে সীড ক্যাপিটালের মূল অর্থ ও সার্ভিস চার্জ জমা হবে; কোন অবস্থাতেই আদায়কৃত সমুদয় অর্থ পুনরায় ঋণ হিসেবে বিতরণ করা যাবে না।

**২) সদস্য সঞ্চয় জমা একাউন্ট ঃ** পরিচালক, সিআইডব্লিউএম এর স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হবে এবং উক্ত একাউন্টে সদস্যদের সঞ্চয় জমার অর্থ জমা হবে। সঞ্চয়ের অর্থ ঋণ হিসাবে বিনিয়োগ করা যাবে, দলের কোন ঋণমুক্ত

সদস্য সঞ্চয় ফেরত চাইলে তাৎক্ষণিক তা ফেরত প্রদান করা হবে। কোন সদস্যের ঋণ খেলাপী হলে এবং চলতি ঋণ থাকলে উক্ত দল/উপ-দলের কোন সদস্যকেই সঞ্চয় ফেরৎ দেয়া হবে না।

**৬.০ ঋণের জন্য আবেদন এবং ঋণ প্রদানের পদ্ধতি ঃ**

৬.১ ঋণ প্রাথমিক অবস্থায় কেবলমাত্র উপ প্রকল্প এলাকায়/গ্রামে বসবাসকারীগণের মধ্যে আয়বর্ধনমূলক কর্মকান্ডের জন্য প্রদান করা হবে। শুধুমাত্র একাডেমী কর্তৃক প্রদত্ত ঋণের আবেদন পত্রে উপ-প্রকল্প এলাকার সুফলভোগীগণ ঋণের জন্য আবেদন করতে পারবে।

৬.২ আরডিএ ঋণ প্রদানের নিমিত্তে উক্ত উপ-প্রকল্পের সদস্যদের নিয়ে ক্ষুদ্র ক্ষুদ্র দল (একই মনোভাবাপন্ন/কর্মকান্ড ভিত্তিক) গঠন করে ৫-১৫ জন সদস্য অন্তর্ভূক্ত করা হবে। উক্ত দলে ১ জন সভাপতি ও ১ জন সম্পাদক দলের সদস্যদের দ্বারা নির্বাচিত হবে। দল গঠনের দিন/তারিখ থেকে সর্বোচ্চ ২ (দুই) মাস দলীয় কর্মকান্ড মাঠ সংগঠক কর্তৃক পর্যবেক্ষণ করা হবে এবং সন্তোষজনক প্রতীয়মান হলে দলের সাথে পরবর্তী কার্যক্রম পরিচালিত হবে।

৬.৩ যে কার্যক্রমের জন্য ঋণ দেওয়া হবে, তা' প্রথমে উপ-দলের সাপ্তাহিক সভায় অনুমোদিত হতে হবে। পরবর্তীতে এক বা একাধিক উপ-দলের প্রস্তাবনা নেয়াজ গ্রাম উন্নয়ন সংস্থা, বাঁকা, আত্রাই, নওগাঁ এর কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। উভয় ক্ষেত্রে রেজুলেশন অবশ্যই থাকতে হবে। ঋণ কেবলমাত্র আয়বর্ধনমূলক কর্মকান্ডের জন্য দেওয়া হবে, ভোগ সংক্রান্ত কোন কাজে এই ঋণ ব্যবহার করা যাবে না।

৬.৪ সকল ঋণ কেবলমাত্র উপ-প্রকল্প কমিটির/উপ-দলের সভায় সদস্যের উপস্থিতিতে প্রদান করা যাবে।

৬.৫ ঋণের পরিমাণ ব্যক্তি পর্যায়ে প্রথমবার ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হতে ১০,০০০/- (দশ হাজার) টাকার উর্দ্ধে হবে না। পর্যায়ক্রমিকভাবে উক্ত ঋণসীমা ২৫,০০০/- টাকায় বৃদ্ধি করা যাবে। পর্যায়ক্রমিক বলতে পূর্ববর্তী গৃহীত ঋণের ১২০% থেকে ১৩০% এর অতিরিক্ত ঋণ সীমা নির্ধারণ বা প্রদান করা যাবে না।

৬.৬ ঋণ গ্রহণের যোগ্যতা থাকলেই সদস্যগণ ঋণ পাবে অর্থাৎ গৃহীত ঋণের পূর্বে কমপক্ষে ৫% সঞ্চয় অবশ্যই দলে জমা থাকতে হবে। নিয়মিত সাপ্তাহিক সভায় উপস্থিতি সহ কমপক্ষে ২০.০০ টাকা হারে সঞ্চয় জমা করতে হবে। পূর্বের গৃহীত ঋণ সুদে আসলে ১০০% পরিশোধ থাকতে হবে। অন্য কোন সরকারী/বেসরকারী সংস্থা এর ঋণ গ্রহীতা হতে পারবে না এবং একই পরিবারের একাধিক সদস্য একই সঙ্গে ঋণ গ্রহণ করতে পারবে না।

৬.৭ সদস্যদের মধ্যে ঋণ পুনরাবৃত্তি হতে পারে। তবে যতক্ষণ পর্যন্ত গৃহীত ঋণ আসল ও সার্ভিস চার্জসহ ১০০% ফেরত দেওয়া না হয়, ততক্ষণ পর্যন্ত কোন সদস্য নতুন ঋণের জন্য যোগ্য হবে না।

৬.৮ সুফলভোগীদের ঋণের আবেদনপত্র ....................................................এর উপ-প্রকল্প বাস্তবায়ন কমিটির ২ (দুই) জন সদস্য (সাধারণতঃ সভাপতি ও ১ জন ক্ষমতাপ্রাপ্ত সদস্য) কর্তৃক জামিনদার হিসেবে স্বাক্ষরিত হতে হবে।

৬.৯ যদি ................................................. ঋণ কার্যক্রম পরিচালনায় আগ্রহী না হয়/ব্যর্থ হয় এরুপক্ষেত্রে উপ-প্রকল্পের উপকার ভোগীদের দ্বারা ঋণ কার্যক্রম পরিচালনার ব্যাপারে আরডিএ কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

৬.১০ মাঠ সংগঠক মাসিক রিপোর্ট (মাসিক আদায় সীট, ফরম নং-১ঃ মাসিক ঋণ আদায় ও ব্যাংক জমার টপ সীট, ফরম নং-২ঃ উপ-দল ভিত্তিক মাসিক রিপোর্ট) এবং ব্যাংক পাশ বহি সঠিকভাবে পূরণ ও হাল নাগাদ করতঃ নির্ধারিত সময়ে বাধ্যতামূলক ভাবে কর্তৃপক্ষের নিকট মাসিক প্রতিবেদন দাখিল করবে।

৬.১১ সকল ঋণ বিতরণ সনদপত্র ২ (দুই) প্রস্থ প্রস্তুত করা হবে, যার মূল কপি পরিচালক, সিআইডব্লিউএম এর দপ্তরে সংরক্ষিত হবে ও ১ (এক) কপি ............................................................ এর নিকট সংরক্ষিত থাকবে।

**৭.০ ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিশেষ ঋণ প্রদান ও আদায় পদ্ধতি ঃ**

**৭.১ ঋণের বিতরণ পদ্ধতিঃ**

এই ঋণের ক্ষেত্রে ব্যক্তি পর্যায়ে ঋণের পরিমাণ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ ) টাকা হবে। ক্ষুদ্র বা মাঝারি শিল্প পরিচালনার ক্ষেত্রে তা সামর্থ্য এবং দক্ষতা থাকতে হবে। এছাড়া পূর্বেই তাকে তার সামর্থ্য ও দক্ষতা প্রমানের সনদ প্রদান করতে হবে। যে সমস্ত ক্ষেত্রকে ক্ষুদ্র ও মাঝারী শিল্প হিসাবে গণ্য করা হবে তা হ'লঃ

- হাঁস, মুরগী, ছাগল, ভেড়া, গরু, মহিষ ইত্যাদি উৎপাদন এবং মাংস প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ।
- দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ (ঘি, মাখন, পাস্তুরাইজড দুধ ইত্যাদি) উৎপাদন ও বাজারজাতকরণ।
- পশু খাদ্য তৈরী কারখানা।
- কৃষি ও সেচ যন্ত্রপাতি বাজারজাতকরণ।
- কৃষিপণ্যভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ।
- নিবিড়/ আধা-নিবিড় মৎস্য চাষ।

**৭.২ ঋণ বিতরণে সম্পাদিত দলিলসমূহঃ**

দাখিলকৃত প্রকল্প যাচাই অন্তে কোন সদস্যের নামে আবেদনকৃত ঋণ অনুমোদিত হলে সেই সদস্য/ দলের/ পরিবারের যোগ্য সকল সদস্য দলীয়ভাবে একটি ঋণ পরিশোধের অঙ্গীকারনামা প্রদান করবেন যা ১৫০/- টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে সম্পাদিত হবে। উক্ত অঙ্গীকারনামায় ................................................ এবং তৃতীয় ব্যক্তি জামিনদার হিসাবে স্বাক্ষর করবেন এবং ........................................................ কিস্তি আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে। ঋণ গ্রহীতা ঋণ পরিশোধে বিঘ্ন ঘটালে কর্তৃপক্ষ সকলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে, সেক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদারগণ কোন ওজর আপত্তি করলে আইনতঃ তা অগ্রাহ্য হবে। এছাড়া কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত আরোপের ক্ষমতা সংরক্ষণ করে।

**৭.৩ ঋণের আদায় পদ্ধতিঃ**

বিতরণকৃত ঋণের উপর ১১% সার্ভিস চার্জ সরল সুদে (Flat Rate) আদায় হবে। মাসিক ভিত্তিতে সর্বোচ্চ ১১ (এগার) টি কিস্তিতে অথবা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কিস্তিতে ১ (এক) বছরের মধ্যে পরিশোধ করতে হবে।

**৮.০ ঋণের আওতাধীন বৃহৎ সম্পদ সংগ্রহ ঃ**

৮.১ প্রদেয় ঋণ কার্যক্রমের আওতায় বৃহৎ সম্পদ সংগ্রহের ক্ষেত্রে ...................................................................... সরাসরি সরবরাহকারীকে রশিদ প্রদান করবে। এই রশিদ অবশ্যই ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৮.২ যে সকল ক্ষেত্রে ঋণ গ্রহীতা গৃহীত ঋণের আওতায় দ্রব্যাদি সংগ্রহ করবে সে সকল ক্ষেত্রে ................................................ এর উপ-প্রকল্প কমিটির ক্ষমতাপ্রাপ্ত সভাপতি ও ক্ষমতাপ্রাপ্ত সদস্য চুক্তিপত্রে উল্লেখিত কাজের জন্য এই ঋণ ব্যবহৃত হয়েছে কিনা তা নিশ্চিত করবে।

৮.৩ আরডিএ ঋণের আওতায় সংগৃহীত সম্পদ ঋণ নিরাপত্তা হিসেবে ................................................................. এর নিকট দায়বদ্ধ থাকবে যতদিন পর্যন্ত না সম্পূর্ণ ঋণ আদায় সম্ভব হয়।

**৯.০ ঋণ, সার্ভিস চার্জ আদায় ও ফেরত প্রদান ঃ**

৯.১ মাঠ সংগঠক ঘূর্ণায়মান তহবিলের অধীনে প্রদেয় প্রতিটি ঋণের জন্য ক্যাশ বই, সাধারণ লেজার এবং সঞ্চয় লেজার ও সদস্যদের ঋণ ও সঞ্চয় জমার পাশ বহি সংরক্ষণ করবে। উক্ত লেজারসমূহ কর্তৃপক্ষ কর্তৃক ভুল পরিলক্ষিত হলে মাঠ সংগঠকের দায়িত্বে অবহেলা বলে বিবেচিত হবে।

৯.২ ............................................... প্রদেয় ঋণ আদায়ের কাজটি পরীবিক্ষণ ও তদারকী করবে এবং ১০০% আদায় নিশ্চিত করবেন।

৯.৩ সাধারণতঃ ৪৬ (ছয়চল্লিশ) টি সমান সাপ্তাহিক কিস্তিতে (আসল ও সার্ভিস চার্জসহ) ঋণ পরিশোধ করতে হবে।

৯.৪ ঋণ গ্রহীতারা সাপ্তাহিক সভায় সদস্যের উপস্থিতিতে মাঠ সংগঠক এর নিকট কিস্তি প্রদান করবে। মাঠ সংগঠক কিস্তি পাওয়ার সাথে সাথে তা সদস্যদের পাশ বহি ও আদায় সীটে লিপিবদ্ধ করবে এবং সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা করবে। কোনক্রমেই আদায়কৃত অর্থ হস্তমজুদ রাখা যাবে না।

৯.৫ ঋণ আদায় ব্যাপারে মাঠ সংগঠক তদারকী ও পরীবিক্ষণের দায়িত্ব পালন করবে। ............................................................ এর সম্পাদক ও ক্ষমতাপ্রাপ্ত সদস্য ঋণের ব্যবহার সংক্রান্ত তদারকীর দায়িত্ব পালন করবে। সিআইডব্লিউএম পরিচালক কর্তৃক সময়ে সময়ে ঋণ কার্যক্রম পরীবিক্ষণ করবে, তদুপরি পরিচালক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ যে কোন সময়েই এই ঋণ কার্যক্রম যাচাই করার অধিকার সংরক্ষণ করেন।

৯.৬ বিতরণকৃত ঋণ থেকে সার্ভিস চার্জ ১১% (সরল সুদে) Flate rate এ আদায় হবে এবং পরিচালকের নামে পরিচালিত উপ-প্রকল্পের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে প্রাথমিকভাবে ১১% সমূদয় সার্ভিস চার্জ জমা হবে। পরবর্তীতে ষান্মাসিক/বাৎসরিক ভিত্তিতে ...................... ............................................ তার ২% কমিশন উল্লেখিত শর্ত সাপেক্ষে প্রদান করা হবে।

**১০.০ ঋণ খেলাপী ঃ**

১০.১ ঋণ আদায়ের সকল প্রক্রিয়া ব্যর্থ হলে ......................... ......................... এর উপ প্রকল্প ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে একাডেমী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১০.২ পল্লী উন্নয়ন একাডেমী-........................................................................ এর সাথে সকল খেলাপী ও কর্তব্যবিমূখ গ্রহীতাদের খেলাপী ও কর্তব্যবিমূখতার কারণ অনুসন্ধান করবে, ঋণ আদায়ের সকল প্রকার প্রক্রিয়া ব্যবহৃত হয়েছে কিনা তা নির্ধারণ করবে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

১০.৩ তদন্তে যদি প্রকাশ পায় যে, কোন ঋণ গ্রহীতা ইচ্ছাকৃতভাবে ঋণ খেলাপী করেছে বা ঋণের অপব্যবহারের কারণে ঋণখেলাপী হয়েছে, তবে উক্ত দল ভবিষ্যতে এই তহবিল হতে ঋণ গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবে। যদি সন্দেহাতীতভাবে প্রমানিত হয় যে, সুফলভোগীদের ঋণ খেলাপীর পিছনে, ............................................................ এবং এর উপ প্রকল্প ব্যবস্থাপনা কমিটির অব্যবস্থাপনা দায়ী, তবে উক্ত উপ-প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ স্থগিত রাখার ক্ষমতা সিআইডাব্লিউএম কর্তৃপক্ষ সংরক্ষণ করে, যতক্ষণ পর্যন্ত না এই অবস্থা দূরীভূত হয়।

**১১.০ সঞ্চয় আদায় ও ব্যবহার ঃ**

১১.১ সঞ্চয় জমার হার সদস্যগণ স্বেচ্ছায় স্ব-প্রণোদিতভাবে নিরুপণ করবেন। উপকারভোগীদের নিকট থেকে প্রদেয় ঋণের সাপ্তাহিক কিস্তি আদায় করার সময় মাঠ সংগঠক সুফলভোগীদের নিকট হতে সাপ্তাহিক কমপক্ষে ২০/- টাকা হারে সঞ্চয়ও আদায় করবে। আদায়কৃত সঞ্চয় ব্যাংকে সঞ্চয় জমার জন্য নির্ধারিত একাউন্টে জমা রাখতে হবে।

১১.২ পুঁজির পরিমাণ বৃদ্ধির জন্য পরিচালক, সিআইডব্লিউএম কর্তৃক সঞ্চয়ের টাকা ঋণ হিসাবে সদস্যদের মাঝে বিনিয়োগ করতে পারবে। উক্ত বিনিয়োগ থেকে আয় অত্র একাউন্টে জমা হবে। যা থেকে সদস্যদের সঞ্চয়ের উপর নির্ধারিত হারে সুদ/লাভ প্রদান করা যাবে। এ ক্ষেত্রে যে সদস্যের কোন প্রকার ঋণ পাওনা/খেলাপী নাই তার সঞ্চয়ের টাকা মাঠ সংগঠক রেজুলেশনের মাধ্যমে পরিচালক, সিআইডব্লিউএম অনুমোদনক্রমে তাৎক্ষণিকভাবে ফেরৎ প্রদান করতে পারবে।

১১.৩ চলতি ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত কোন উপকারভোগীকে ২য় দফা ঋণ প্রদান এবং তার জমাকৃত সঞ্চয়ের টাকা ফেরত দেয়া যাবে না।

**১২.০ প্রতিবেদন প্রদান এবং পরিবীক্ষণ ব্যবস্থা ঃ**

১২.১ প্রতি বৎসর শেষে প্রকল্পের ঋণ তহবিলের বিবরণ দিয়ে কর্তৃপক্ষ একটি পুর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রস্তুত করবেন।

**১৩.০ বিবিধ ঃ**

১৩.১ আরডিএ ক্রেডিট একটি প্রায়োগিক গবেষণাধর্মী কার্যক্রম। কার্যক্রমটি টেকসই (Sustainable) করার স্বার্থে আরডিএ কর্তৃপক্ষ প্রয়োজনীয় কৌশল পরিবর্তন করতে পারবে।